ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শি:শা:/পো:গ্র্যা:/ফি/ভর্তি/কো:রে:/৪২-৩/০৪/ ৪৫১ তারিখ : ১৬/০২/২০২৩ খ্রি:।

# বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামের রুলস্ এন্ড রেগুলেশানস্ এর নিম্নের ধারা মোতাবেক পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশনের কার্যক্রম সম্পন্ন করার ক্ষেত্রে রেজিস্ট্রেশন প্রক্রিয়া স্থগিত থাকিবে।

## অনলাইন রেজিস্ট্রেশন প্রক্রিয়া স্থগিতের কারণসমূহ

(১) অত্র বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে যেসকল শিক্ষার্থী রুলস্ এন্ড রেগুলেশানস্ ফর পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামের ধারা 4.16 অনুযায়ী পিজিডি, মাস্টার্স, এমএসসি, এম ইঞ্জি., এমএসসি ইঞ্জি. ও এমফিল ডিগ্রী চলাকালীন ৪ বা এর অধিক F গ্রেড প্রাপ্ত হইলে, উক্ত প্রোগ্রামটি চলমান থাকার অনুমতি থাকিবে না (shall not be allowed to continue the program) এবং দ্বিতীয় বা পরবর্তী সেমিস্টারের অনলাইন রেজিস্ট্রেশন করার ক্ষেত্রে PGR সিস্টেমে সেই সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন প্রক্রিয়া স্থগিত থাকিবে;

(২) ধারা 4.17 অনুযায়ী পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রাম (পিজিডি, মাস্টার্স, এমএসসি, এম ইঞ্জি., এমএসসি ইঞ্জি. ও এমফিল প্রোগ্রাম) চলাকালীন কোন শিক্ষার্থীর ২য় বা তৎপরবর্তী কোন সেমিস্টারে অর্জিত সিজিপিএ ২.৫০ এর নীচে হইলে উক্ত প্রোগ্রামটি চলমান থাকার অনুমতি থাকিবে না (shall not be allowed to continue the program) এবং পরবর্তী সেমিস্টারের অনলাইন রেজিস্ট্রেশন করার ক্ষেত্রে PGR সিস্টেমে সেই সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন প্রক্রিয়া স্থগিত থাকিবে;

(৩) ধারা 11.2 অনুযায়ী পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রাম (পিএইচডি প্রোগ্রাম) চলাকালীন একসঙ্গে গ্রহণকৃত এক বা একাধিক কোর্সে মোট ২ বা এর অধিক F গ্রেড প্রাপ্ত হইলে, উক্ত প্রোগ্রামটি চলমান থাকার অনুমতি থাকিবে না (shall not be allowed to continue the program) এবং দ্বিতীয় বা পরবর্তী সেমিস্টারের অনলাইন রেজিস্ট্রেশন করার ক্ষেত্রে PGR সিস্টেমে সেই সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন প্রক্রিয়া স্থগিত থাকিবে;

(৪) ধারা 11.3 অনুযায়ী পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রাম (পিএইচডি প্রোগ্রাম) চলাকালীন থিওরি কোর্স ০৩(তিন) সেমিস্টারের মধ্যে সম্পন্ন করিতে ব্যর্থ হইলে, উক্ত প্রোগ্রামটি চলমান থাকার অনুমতি থাকিবে না (shall not be allowed to continue the program) এবং পরবর্তী সেমিস্টারের অনলাইন রেজিস্ট্রেশন করার ক্ষেত্রে PGR সিস্টেমে সেই সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন প্রক্রিয়া স্থগিত থাকিবে; এবং

(৫) পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে যেসকল শিক্ষার্থী কোন সেমিস্টারে বিরতি/অনুপস্থিত থাকিবে, সেই সকল শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফি'সমূহ (কোর্স ফি' বাদে) পরিশোধ পূর্বক সংশ্লিষ্ট সেমিস্টারে (যে সেমিস্টারে ডিগ্রি সম্পন্ন হইবে, সেই সেমিস্টার পর্যন্ত) বাধ্যতামূলক Non-Credit রেজিস্ট্রেশন করিতে হইবে। অন্যথায় ধারা 9(i) (পিজিডি, মাস্টার্স, এমএসসি, এম ইঞ্জি., এমএসসি ইঞ্জি. ও এম ফিল ডিগ্রী) এবং ধারা 14(i) (পিএইচডি ডিগ্রী) অনুযায়ী পরবর্তী সেমিস্টারের অনলাইন রেজিস্ট্রেশন করার ক্ষেত্রে PGR সিস্টেমে সেই সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন প্রক্রিয়া স্থগিত থাকিবে।

০২। পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রামের শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশনের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে এই বিজ্ঞপ্তি জারী করা হইল।

13.02.23

(অধ্যাপক ড. হিমাংশু ভৌমিক)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৪৯২৭৪০০৩ (অফিস)

স্মারক নং-ঢাপ্রপ্রবি/শি:শা:/পো:গ্র্যা:/ফি/ভর্তি/কো:রে:/৪২-৩/০৪/ ৪৫১ তারিখ : ১৬/০২/২০২৩ খ্রি:।

**সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি :-**

**(তালিকা জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সকল- ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/প্রভোস্ট/অফিস প্রধান ।
৪। পরিচালক, কম্পিউটার সেন্টার
(বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
৫। চেয়ারম্যান, আইসিটি সেল।
৬। সকল এ্যাডভাইজর/কোর্স কো-অর্ডিনেটর, পোস্টগ্র্যাজুয়েট প্রোগ্রাম, সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউট।
৭। সকল নোটিশ বোর্ড।
৮। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

১৬/০২/২০২৩

(আবদুল্লাহ আল মাহমুদ)
ডেপুটি রেজিস্ট্রার (সংস্থাপন শাখা) এবং
অতিরিক্ত দায়িত্ব, একাডেমিক শাখা

E:\Anwar H. Khan\M.Sc.Engg Program\Course Registration\Notice.doc